**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রাজ্য পর্যটনের উন্নয়নে সরকার গৃহীত বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়ন ও যোগাযোগ ব্যবস্থার উন্নতির ফলে বিগত কয়েক বছর ধরে ত্রিপুরায় পর্যটকের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নতুন শিক্ষা নীতিতে ভারতের হারিয়ে যাওয়া শিক্ষা ব্যবস্থা ফিরিয়ে আনা হচ্ছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মালদা টাউন রেলস্টেশন থেকে হাওড়া এবং গুয়াহাটির কামাখ্যার মধ্যে ভারতের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের সূচনা করেছেন।**

**(৪) খোয়াই বনকর এলাকার পূর্ণিমা বর্মণ ত্রয়োদশ জাতীয় কুরাশ প্রতিযোগিতায় স্বর্ণপদক লাভ করেছে।**

*******************************************

**Governor–Sepahijala :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ত্রিপুরেশ্বরী মন্দিরের পরিকাঠামোগত উন্নয়ন সহ রাজ্য পর্যটনের উন্নয়নে সরকার গৃহীত বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়ন ও যোগাযোগ ব্যবস্থার উন্নতির ফলে বিগত কয়েক বছর যাবৎ ত্রিপুরায় পর্যটকের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। আজ সিপাহীজলা অভয়ারণ্য ও চিড়িয়াখানা পরিদর্শন শেষে একথা বলেন তিনি। তিনি চলচ্চিত্র নির্মাতাদের ত্রিপুরার প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর পর্যটন কেন্দ্রগুলি কাজে লাগানোর আবেদন জানান। পর্যটন ক্ষেত্রে ত্রিপুরার ভবিষৎ নিয়ে রাজ্যপাল আশা ব্যক্ত করেন। সিপাহীজলা চিড়িয়াখানা পরিদর্শন করে সন্তোষ ব্যক্ত করেছেন রাজ্যপাল। পরিদর্শনকালে রাজ্যপালের সঙ্গে অন্যদের মধ্যে

ছিলেন PCCF পি.আগরওয়াল, চিফ ওয়াইল্ডলাইফ ওয়ার্ডেন সি.মূর্তি, চিড়িয়াখানার অধিকর্তা সিদ্ধার্থ দেববর্মা সহ পুলিশ ও সিপাহীজলা জেলা প্রশাসনের আধিকারিকরা।

***************************

**Chief Minister :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ মোহনপুরে মধুচৌধুরী পাড়া উচ্চ মাধ্যমিক স্কুলের নতুন ভবনের দ্বারোদঘাটন অনুষ্ঠানে বলেছেন, নতুন শিক্ষা নীতিতে ভারতের হারিয়ে যাওয়া শিক্ষা ব্যবস্থা ফিরিয়ে আনা হচ্ছে। তিনি বলেন একটা সময় বিদেশ থেকে ছাত্রছাত্রীরা তক্ষশিলা, বিক্রমশিলা বিশ্ববিদ্যালয়গুলিতে পড়াশুনা করতে আসতেন। তিনি বলেন মা বাবা এবং শিক্ষকরা হচ্ছেন আমাদের ভবিষ্যৎ প্রজন্ম তৈরি করার মূল কারিগর। তিনি বলেন, রাজ্যে বিভিন্ন পরিকাঠামো উন্নয়নের জন্য বাজেটে প্রায় সাত হাজার কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এই টাকা পরিকাঠামো উন্নয়নে সঠিকভাবে খরচ হচ্ছে কিনা তা দেখতে মনিটরিং বডি রাখা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সবকা সাথ, সবকা বিকাশ মন্ত্র-কে সামনে রেখে জাতি-জনজাতি সকল অংশের মানুষের একতার মাধ্যমেই গড়ে উঠবে নতুন ত্রিপুরা।

#######Byte-CM########

উদ্বোধনী অনুষ্ঠানে বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ বলেন, বর্তমান রাজ্য সরকার শিক্ষাব্যবস্থার সার্বিক উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করেছে। মুখ্যমন্ত্রী অনুষ্ঠান থেকে ভার্চুয়ালভাবে গোপালনগর, বেড়িমুড়া এবং তারাপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবনের দ্বারোদ্ঘাটন করেন। এই চারটি স্কুলের নতুন ভবন তৈরি করতে খরচ হয়েছে ২০ কোটি ৬৪ লক্ষ টাকা।

*******************************

**Convocation NIT :**

NIT আগরতলার অষ্টাদশ সমাবর্তন অনুষ্ঠান আজ এনআইটি আগরতলার বিবেকানন্দ সেমিনার হলে অনুষ্ঠিত হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সমাবর্তন অনুষ্ঠানে Ph.D./ M Tech./ MCA./MBA, /M. Sc./ B.Tech/ B.T./ BSMS এবং BTMT সহ ১১৯১ জন ছাত্র ছাত্রীকে সাম্মানিক ডিগ্রি প্রদান করা হয়। স্বর্ণ পদক প্রাপ্ত ছাত্র ছাত্রীদের হাতে পদক তুলে দেন রাজ্যপাল। রাজ্যপাল শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, শিক্ষা কার্যক্রম শেষ হলেও জীবনের আসল পরীক্ষা এখনই শুরু হবে। জীবনের বাকি সময় তিনি ডিগ্রিপ্রাপ্তদের সমাজসেবা ও সামাজিক গবেষণার কাজে আত্মনিয়োগ করার পরামর্শ দেন। তিনি বলেন, বর্তমান সময় আধুনিক প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তার যুগ হলেও, এর পেছনে মানুষের মেধা ও দক্ষতা কাজ করে। তিনি ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার কাজে ছাত্র ছাত্রীদের ভুমিকা নিতে বলেন। সমাবর্তন অনুষ্ঠানে এন.আই.টি আগরতলার অধিকর্তা ডঃ এস কে পাত্র তাঁর ভাষণে শিক্ষা প্রতিষ্ঠাননটির ক্রমবর্ধমান উন্নয়নের চিত্র তুলে ধরেন। অনুষ্ঠানে সাংসদ কৃতি দেবী দেববর্মা, প্রাক্তন উপাচার্য অরুনোদয় সাহা উপস্থিত ছিলেন।

****************************

**CM Pragna Bhaban :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার প্রজ্ঞাভবনে গুড গভর্নেন্স দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি স্বচ্ছতার সঙ্গে প্রশাসনিক কাজের নিরিখে বিভিন্ন দপ্তরের সচিবদের হাতে শংসাপত্র তুলে দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্য সচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহা নির্দেশক অনুরাগ, মুখ্য বন সংরক্ষক আর কে সামল প্রমুখ।

************************

**CBC :**

সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন, ফিল্ড অফিস আগরতলা আজ পশ্চিম ত্রিপুরা জেলার নারায়ণপুরের আম্বেদকর মেমোরিয়াল হাই স্কুলে স্বচ্ছতা হি সেবা, এক পেড় মা কে নাম এবং নেশামুক্ত ভারত অভিযান নিয়ে একটি বিশেষ সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করে। এ উপলক্ষে আয়োজিত সেমিনারে বক্তাগণ দৈনন্দিন অভ্যাস হিসাবে পরিচ্ছন্নতা গড়ে তোলার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন এবং প্রত্যেকে মায়েদের সম্মানে একটি করে চারা গাছ রোপন করার জন্য আহ্বান জানান। অনুষ্ঠানে অংকন ও ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন আম্বেদকর মেমোরিয়াল হাই স্কুলের প্রধান শিক্ষক সুবীর চক্রবর্তী, ফিল্ড পাবলিসিটির অবসরপ্রাপ্ত আধিকারিক কৃপা সিন্ধু গোস্বামী ও কাঠিয়া বাবা স্কুলের শিক্ষক বি গোস্বামী।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM, Vande Bharat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মালদা টাউন রেলস্টেশন থেকে হাওড়া এবং গুয়াহাটির কামাখ্যার মধ্যে ভারতের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের সূচনা করেছেন।

######Byte-PM######

এই ট্রেনটিতে ১৬টি আধুনিক কোচ রয়েছে এবং মোট যাত্রী ধারণক্ষমতা ৮২৩। ঘণ্টায় ১৮০ কিলোমিটার গতির ট্রেনটি অত্যাধুনিক সুযোগ-সুবিধা দিয়ে সজ্জিত। এই বন্দে ভারত স্লিপার ট্রেনের ভাড়া হবে থার্ড এসির খাবার সহ প্রায় দুই হাজার ৩০০ টাকা, সেকেন্ড এসির জন্য তিন হাজার টাকা এবং ফার্স্ট এসির জন্য তিন হাজার ৬০০ টাকা।

গুয়াহাটি থেকে ছেড়ে আসা ট্রেনটিতে খাঁটি অসমীয়া খাবার থাকবে, অন্যদিকে কলকাতা থেকে ছেড়ে আসা ট্রেনটিতে ঐতিহ্যবাহী বাঙালি সুস্বাদু খাবার পরিবেশন করা হবে।

মালদা স্টেশনের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন ২০১৪ সাল থেকে বিজেপি ফসলের ন্যূনতম সহায়ক মূল্য বৃদ্ধি করেছে, পাট ক্ষেত্রকে চাঙ্গা করেছে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ৩,০০০ কোটি টাকারও বেশি মূল্যের নতুন প্রকল্প উদ্বোধন এবং বেশ কয়েকটি ট্রেনের সূচনা করেন। প্রধানমন্ত্রী আজই আসাম সফরে গুয়াহাটি পৌঁছেছেন।

******************************

**Meeting-Secretariat :**

খাদ্য, জনসংভরণ ও ক্রেতা বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী এবং কৃষিমন্ত্রী রতনলাল নাথের পৌরোহিত্যে আজ সচিবালয়ে এক ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকেখাদ্য ও জনসংভরণ দপ্তরের বিশেষ সচিব ও অধিকর্তা, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা, এবং সারা রাজ্যের বিভিন্ন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান, বিভিন্ন মহকুমার মহকুমা শাসক, বিভিন্ন ব্লকের বিডিও, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উপ-অধিকর্তাগণ, কৃষি তত্ত্বাবধায়কগণ এবং খাদ্য ও কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের বিভিন্ন স্তরের আধিকারিরা ভার্চুয়াল ভাবে অংশ

নেন। বৈঠকে খাদ্য জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর ও কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের যৌথ উদ্যোগে কৃষকদের বৃহত্তর স্বার্থে ন্যূনতম সহায়ক মূল্যে সরাসরি চলতি খারিফ মরসুমে উৎপাদিত ধান ক্রয়ের সঙ্গে সম্পর্কিত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় ও প্রস্তুতি পর্ব নিয়ে আলোচনা হয়। জাতীয় অর্থনীতিকে শক্তিশালী করার ক্ষেত্রে গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন এবং দরিদ্র মানুষ ও কৃষকদের কল্যাণের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরা হয়। মন্ত্রী শ্রী চৌধুরী বলেন কৃষি এমন একটি ক্ষেত্র যেখানে সর্বাধিক কর্মসংস্থানের সুযোগ রয়েছে।

**************************

**Meeting–Sushanta Chowdhury :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে আজ জিরানীয়া মহকুমা শাসকের কনফারেন্স হল ঘরে জিরানীয়া মহকুমার বিভিন্ন জায়গায় রেলওয়ে ক্রসিং লাইনের উপর প্রস্তাবিত রেলওয়ে ওভারব্রিজ নির্মানের কাজে বিভিন্ন সমস্যাগুলি নিয়ে আলোচনা হয়। আলোচনায় জিরানীয়ার মহকুমা শাসক অনিমেষ ধর, মহকুমার বিভিন্ন জনপ্রতিনিধি, পরিবহন, পূর্ত দফতর ও উত্তর–পূর্ব সীমান্ত রেলওয়ের উচ্চপদস্থ আধিকারিক ও প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। মন্ত্রী শ্রী চৌধুরী বলেন সরকার দলমত নির্বিশেষে সকল মানুষের কল্যাণে কাজ করছে।

**************************

**VB G RAM G :**

বিকশিত ভারত–গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজিবিকা মিশন (গ্রামীণ) বা ভিবি জি রাম জি MGNREGAR গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের একটি উল্লেখযোগ্য সংস্কার। আজ খয়েরপুরের সদর গ্রামীন বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানিয়েছেন প্রদেশ বিজেপি সহ সভাপতি সুবল ভৌমিক। এই আইনের লক্ষ্য ১২৫ দিনের কাজের নিশ্চয়তা, পরিকাঠামোর সঙ্গে সংযুক্তকরণ এবং ডিজিটাল বাস্তবায়ন জোরদার করে আয় সুরক্ষা বৃদ্ধি করা। এর ফলে কর্মসংস্থান বৃদ্ধি, বেকার ভাতা বৃদ্ধি,

সঠিক সময়ে মজুরি প্রদান করা যাবে। তিনি বলেন এই আইন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্যে গ্রামীণ উন্নয়নের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সাংবাদিক সম্মেলনে সদর গ্রামীন বিজেপি সভাপতি গৌরাঙ্গ ভৌমিক, সম্পাদক কাজল দে, বিজেপি কিষান মোর্চার সভাপতি সমরেশ বিশ্বাস সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

************************

**Job Fair :**

ভারত সরকারের ন্যাশনাল কেরিয়ার সার্ভিস প্রকল্পের আওতায় রাজ্যের মডেল কেরিয়ার সেন্টার, ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ব্যবস্থাপনায় আগরতলাস্থিত শ্রম ভবন প্রাঙ্গনে আজ বেসরকারি সংস্থায় নিয়োগের জন্য জব ফেয়ার অনুষ্ঠিত হয়। ত্রিপুরার বিভিন্ন কোম্পানিতে মোট ৪৮টি শূন্য পদ পূরণ করার লক্ষ্যে এই জব ফেয়ার অনুষ্ঠিত হয়। মাধ্যমিক পাশ থেকে শুরু করে মেকানিক্যাল ইঞ্জিনিয়ার পর্যন্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীরা আজকের এই জব ফেয়ারে অংশ নেন বলে জানান দপ্তরের অধিকর্তা অসীম সাহা।

******************************

**CM-Cloth Distribution :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ টাউন বড়দোয়ালী মন্ডলের অন্তর্গত ১৬ নম্বর ওয়ার্ডের উদ্যোগে দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করেন। ইন্ডিয়ান রেডক্রস সোসাইটি ত্রিপুরা রাজ্য শাখার উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে তিনি এই উদ্যোগের প্রশংসা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার ও ইন্ডিয়ান রেডক্রস সোসাইটি ত্রিপুরা রাজ্য শাখার কর্মকর্তারা।

******************************

**Kurash-Gold medal :**

খোয়াই বনকর এলাকার পূর্ণিমা বর্মণ ত্রয়োদশ জাতীয় কুরাশ প্রতিযোগিতায় রাজ্যের মধ্যে প্রথম স্বর্ণপদক লাভ করল। সে খোয়াই ভগত সিং জিমনাসিয়ামের ছাত্রী। অত্যন্ত গরিব পরিবার থেকে উঠে আসা এই ছাত্রী চলতি মাসের ৮ থেকে ১১ জানুয়ারি বিহারের পাটনার পাটলি পুত্র স্পোর্টস কমপ্লেক্সে এই জাতীয় স্তরের খেলায় অংশগ্রহণ করেছিল। ১৭ বছরের ৪০ কেজি বিভাগে পূর্ণিমা বর্মন রাজ্য থেকে প্রতিনিধিত্ব করে পাঞ্জাবের খেলোয়াড়কে হারিয়ে দিয়ে স্বর্ণপদক লাভ করে। এরফলে আগামীদিনে তার আন্তর্জাতিক স্তরে অংশগ্রহণ করার সুযোগ তৈরি হলো।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

***********************